গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ বিনা'র গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ এবং উপকেন্দ্রসমূহের উন্নয়ন (৩য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠেয় অভ্যন্তরীণ যাচাই কমিটির সভার কার্যপত্র।

১। **প্রকল্পের নাম (বাংলায়)** : বিনা'র গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ এবং উপকেন্দ্রসমূহের উন্নয়ন (৩য় সংশোধিত)
**(ইংরেজীতে)** Strengthening Research Activities and Sub-Stations Development of BINA (3rd Revised)

২। **মন্ত্রণালয়/বিভাগের নাম** : কৃষি মন্ত্রণালয়

৩। **বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা)

৪। **সেক্টর** : কৃষি

৫। সাব-সেক্টর : ফসল

৬। **প্রকল্প অনুমোদনের তারিখ, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়:**

৭।

(আর্থিক পরিমাণ লক্ষ টাকায়)

| ডিপিপি | অনুমোদনের তারিখ | অনুমোদনকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকাল | প্রাক্কলিত ব্যয় | পূর্বাপেক্ষা ব্যয় (-) হ্রাস/ (+) বৃদ্ধির পরিমাণ (%) |
|---|---|---|---|---|---|
| মূল | ০১/০৮/২০১০ | একনেক | মে, ২০১০-জুন, ২০১৩ | ১১২৯২.০০ | - |
| ১ম সংশোধিত | ১৬/০১/২০১৩ | মাননীয় কৃষি মন্ত্রী | মে, ২০১০-জুন, ২০১৪ (১ বছর মেয়াদ বৃদ্ধি) | ১১২৯২.০০ | - |
| ২য় সংশোধিত | ০৮/০৬/২০১৪ | মাননীয় পরিকল্পনা মন্ত্রী | মে, ২০১০-জুন, ২০১৫ (১ বছর মেয়াদ বৃদ্ধি) | ১২৭৭৪.৯৩ | ১৪৮২.৯৩ (১৩.১৩%) |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ বছর মেয়াদ বৃদ্ধি | ০৬/০৫/২০১৫ | মাননীয় পরিকল্পনা মন্ত্রী | মে, ২০১০-জুন, ২০১৬ | ১২৭৭৪.৯৩ | - |
| ৩য় সংশোধিত | প্রস্তাবিত | | মে, ২০১০-জুন, ২০১৭ | ১৬০৭৬.৯২ | ৩৩০১.৯৯ (২৫.৮৪%) |

৮। **প্রকল্পের প্রধান উদ্দেশ্য** :

- নিউক্লিয়ার ও অন্যান্য আধুনিক কলাকৌশল ব্যবহারের মাধ্যমে উন্নত এবং অঞ্চল ভিত্তিক উচ্চ ফলনশীল মাঠ ও উদ্যান ফসলের জৈবিক (রোগবালাই ও কীটপতঙ্গ) এবং অজৈবিক (অম্ল, লবণাক্ততা, খরা, জলাবদ্ধতা) প্রতিকূল পরিবেশ সহনশীল জাত উদ্ভাবন;
- ৭টি নতুন উপকেন্দ্র (চাঁপাইনবাবগঞ্জ, সুনামগঞ্জ, খাগড়াছড়ি, বরিশাল, নোয়াখালী, শেরপুর ও গোপালগঞ্জ অঞ্চলে) স্থাপনের লক্ষ্যে ভূমি অধিগ্রহণ, ল্যাব ও অফিস ভবন, প্রশিক্ষণ হল ও গেস্ট হাউস ইত্যাদি নির্মাণ এবং পরীক্ষণ মাঠের উন্নয়ন;
- প্রধান কার্যালয়, ময়মনসিংহের নতুন তিনটি বিভাগ (বায়োটেকনোলজি, উদ্যানতত্ত্ব ও কৃষি অর্থনীতি), বিদ্যমান সাতটি উপকেন্দ্রসহ সকল উপকেন্দ্র ও বিভাগের জন্য যন্ত্রপাতি, রাসায়নিক দ্রব্য, গ্লাসওয়্যার, আসবাবপত্র ইত্যাদি ক্রয়ের মাধ্যমে গবেষণাগার উন্নতকরণ;
- প্রধান কার্যালয়ের নতুন ৩টি বিভাগসহ উপকেন্দ্রসমূহের জনবল ও অবকাঠামো গড়ে তোলা;
- মলিকুলার পদ্ধতির মাধ্যমে শস্যের উন্নতজাত, আদি জাত ও স্থানীয় জাত এবং জীবাণুর স্ট্রেইন এর কৌলিতাত্ত্বিক বৈশিষ্ট্য নিরূপণ;
- বিনা'র উদ্ভাবিত শস্যের জাত ও প্রযুক্তিসমূহের অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্ভাবনার বিশ্লেষণ;
- কৃষকের মাঠে বিনা উদ্ভাবিত উচ্চ ফলনশীল জাতের ফলন পার্থক্য (Yield gap), ঝুঁকি (Risk) গ্রহণের উপযোগিতা ও প্রতিবন্ধকতা পরীক্ষণ; এবং
- বিনা উদ্ভাবিত প্রযুক্তির স্থানভিত্তিক উন্নয়ন ও দেশব্যাপী সম্প্রসারণে বিভিন্ন কৃষি পরিবেশ অঞ্চলে মাঠ পরীক্ষণ ও স্থানীয় কৃষি সমস্যা নিয়ে গবেষণা করার লক্ষ্যে দক্ষ জনবল গড়ে তোলা এবং কৃষক ও সম্প্রসারণ কর্মী প্রশিক্ষণ।

৯। **প্রকল্প এলাকা** :

| বিভাগ | প্রধান কার্যালয়/পুরাতন উপকেন্দ্র | | নতুন উপকেন্দ্র | |
|---|---|---|---|---|
| | জেলা | উপজেলা | জেলা | উপজেলা |
| ঢাকা | ময়মনসিংহ (প্র:কা:) | সদর | গোপালগঞ্জ | সদর (পীট মাটি এবং জলাবদ্ধ এলাকা) |
| | জামালপুর | সদর | শেরপুর | নালিতাবাড়ী (হঠাৎ বন্যা/flash flood, পাহাড়ের পাদদেশ) |
| চট্টগ্রাম | কুমিল্লা | সদর | খাগড়াছড়ি | সদর (পাহাড়ী এলাকা) |
| | | | নোয়াখালী | সুবর্ণচর (লবণাক্ততা, খরা ও চরাঞ্চল) |
| সিলেট | - | - | সুনামগঞ্জ | সদর (হাওর এলাকা) |
| রাজশাহী | পাবনা | ঈশ্বরদী | চাঁপাইনবাবগঞ্জ | সদর (বরেন্দ্র এলাকা) |
| রংপুর | রংপুর | সদর | - | - |
| খুলনা | মাগুরা | সদর | - | - |
| | সাতক্ষীরা | সদর | - | - |
| বরিশাল | - | - | বরিশাল | সদর (দক্ষিণাঞ্চল) |
| ৭টি | ১+৬ টি | | ৭টি | |

১০। **প্রকল্পের মূল কার্যক্রম** :

- গবেষণা কার্যক্রম পরিচালনা এবং এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি, রাসায়নিক দ্রব্য, গ্লাসওয়্যার, আসবাবপত্র ক্রয়;
- ভূমি অধিগ্রহণ (১৬.২৫ হেক্টর);
- প্রধান কার্যালয়ে ৩টি নতুন বিভাগ (বায়োটেকনোলজি, উদ্যানতত্ত্ব ও কৃষি অর্থনীতি) এবং ৭টি জেলায় নতুন উপকেন্দ্র নির্মাণ (১৯১০১.২০ ব.মি. ও ১৩৩৩.০০ রা.মি.); এবং
- ১১১৯৬ জনকে প্রশিক্ষণ প্রদান (বিজ্ঞানী ৫০ জন, সাইন্টিফিক স্টাফ ১০০ জন, স্টাফদের কৃষি ডিপ্লোমা ১০টি, বিএডিসি, ডিএই কর্মকর্তা ও এনজিও কর্মী ৩৫০০ জন, সম্প্রসারণকর্মী ও প্রগতিশীল কৃষক ৭৫০০ জন এবং বিজ্ঞানীদের স্বল্পমেয়াদী বৈদেশিক প্রশিক্ষণ ৩৬ জন) এবং ৯ জন বিজ্ঞানীকে উচ্চশিক্ষা প্রদান (৪ জন পিএইচডি ও ৫ জন এমএস)।

১১। **চলতি (২০১৫-১৬) এডিপিতে বরাদ্দ এবং ডিসেম্বর ২০১৫ পর্যন্ত ব্যয়:**

চলতি অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১৪৯৩.০০ লক্ষ টাকা। তন্মধ্যে ১ম ও ২য় কিস্তিতে ৭৪৬.৫০ লক্ষ টাকা অবমুক্ত হয়েছে। ডিসেম্বর ২০১৫ পর্যন্ত ব্যয় হয়েছে ৪৭৯.৮০ লক্ষ টাকা, যা অবমুক্তির ৬৪.২৭% ও বরাদ্দের ৩২.১৪%।

১২। **প্রকল্প ৩য় সংশোধন ও বাস্তবায়নকাল ১ বছর বৃদ্ধির যৌক্তিকতা :**

কৃষি মন্ত্রণালয়ের একটি প্রতিনিধি দল কর্তৃক গত ১৪/১১/২০১৫ তারিখে প্রকল্পের আওতায় নির্মাণাধীন খাগড়াছড়ি উপকেন্দ্র পরিদর্শন করা হয়। দেখা যায়, উপকেন্দ্রর অফিস ভবনের সম্মুখভাগে গবেষণা মাঠ নীচু ও অসমতল হওয়ার কারণে সেখানে প্রায় কিছুই করা সম্ভব হচ্ছে না। এছাড়া সীমানা প্রাচীর অসমাপ্ত রয়েছে; থ্রেসিংফ্লোর নির্মিত হয়নি। খাগড়াছড়ি ছাড়াও নোয়াখালী, সাতক্ষীরা, সুনামগঞ্জ জেলার উপকেন্দ্রেও অর্থাভাবে কাঙ্ক্ষিত পর্যায়ে গবেষণা মাঠের ভূমি উন্নয়ন সম্ভব হয়নি। গবেষণা মাঠের যথাযথ উন্নয়ন ব্যতীত উপকেন্দ্রেসমূহ কার্যকর হবে না বলে প্রতীয়মান হয়। এ প্রেক্ষাপটে প্রকল্পের আওতায় নির্মাণাধীন উপকেন্দ্রসমূহকে কার্যকর করার নিমিত্ত প্রকল্পের আন্তঃখাত সমন্বয় প্রস্তাব প্রেরণের জন্য সংস্থাকে অনুরোধ করা হয়। কৃষি মন্ত্রণালয়ে ০৬/১২/২০১৫ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সভায় সংস্থা কর্তৃক উপস্থাপিত আন্তঃখাত সমন্বয় প্রস্তাবের উপর আলোচনাক্রমে আন্তঃখাত সমন্বয়ের পরিবর্তে প্রকল্পের মেয়াদ জুন ২০১৭ পর্যন্ত ১ বছর বৃদ্ধিসহ ৩য় সংশোধন প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।

এছাড়া কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম-প্রধান (পরিকল্পনা)-কে আহ্বায়ক করে পরিকল্পনা কমিশন, আইএমইডি, সংস্থাসহ কৃষি মন্ত্রণালয়ের অন্যান্য প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি কর্তৃক ডিসেম্বর, ২০১৫-এর মাসের বিভিন্ন তারিখে প্রকল্পের বিভিন্ন উপ-কেন্দ্র পরিদর্শন করা হয়। পরিদর্শনক্রমে প্রণীত প্রতিবেদনে নোয়াখালী উপকেন্দ্রের সীড স্টোর, পাম্প হাউস, প্রধান ফটক, অভ্যন্তরীণ এপ্রোচ রোড নির্মাণ কাজসহ নির্মাণাধীন সকল উপকেন্দ্রের গবেষণা খামার উন্নয়ন ও অন্যান্য নির্মাণ কাজসমূহ (থ্রেসিং ফ্লোর, আনসার সেড. প্রধান ফটক ইত্যাদি) প্রকল্পের নির্ধারিত মেয়াদে অর্থাৎ জুন, ২০১৬-এর মধ্যে সমাপ্ত হবে না বলে প্রতীয়মান হওয়ায় যৌক্তিক পর্যায়ে ব্যয় বৃদ্ধিসহ প্রকল্পের মেয়াদ জুন ২০১৭ পর্যন্ত ১ বছর বৃদ্ধির সুপারিশ করা হয়।

এ প্রেক্ষাপটে প্রকল্পের মোট ব্যয় ১২৭৭৪.৯৩ লক্ষ টাকা হতে ৩৩০১.৯৯ লক্ষ টাকা (২৫.৮৫%) বৃদ্ধি করে সংস্থা ৩য় সংশোধন প্রস্তাব পেশ করেছে। সে সাথে অসম্পন্ন কাজ সমাপ্তির জন্য প্রকল্পের মেয়াদ জুন ২০১৭ পর্যন্ত ১ বছর বৃদ্ধির জন্য প্রস্তাব করেছে। প্রস্তাবিত ৩য় সংশোধিত ডিপিপির অঙ্গভিত্তিক ব্যয় হ্রাস/বৃদ্ধির যৌক্তিকতা নিম্নরূপঃ

- প্রকল্পের ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপিতে গবেষণা খামার উন্নয়ন খাতে ৩০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছিল। কিন্তু বেশীরভাগ উপকেন্দ্রের অধিগ্রহণকৃত গবেষণা মাঠ তুলনামূলক বেশী নিচু হওয়ায় (নোয়াখালী, সুনামগঞ্জ, গোপালগঞ্জ ও সাতক্ষীরা উপকেন্দ্রের বর্তমান জলাশয় অংশ সহ) তা গবেষণা উপযোগী করতে অতিরিক্ত অর্থের প্রয়োজন। এ কারণে ৩য় সংশোধন প্রস্তাবে গবেষণা খামার উন্নয়ন খাতের ব্যয় ৩০০.০০ লক্ষ টাকা হতে ৭০০.৮৮ লক্ষ টাকা (২৩৩.৬৩%) বৃদ্ধি করে ১০০০.৮৮ লক্ষ টাকায় উন্নীত করার প্রস্তাব করা হয়েছে;
- প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপিতে নির্মাণ বাবদ ৪১০০.৫৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছিল। উল্লেখ্য যে, উপকেন্দ্রসমূহের মাটির গভীরতা বেশি হওয়ায় এবং ভারবহন ক্ষমতা কম থাকায় ফাউন্ডেশন ব্যয় অনেক বৃদ্ধি পেয়েছে এবং বাস্তবক্ষেত্রে কাজ বাস্তবায়ন করতে ডিজাইনের পরিবর্তন করতে হয়েছে। অধিকন্তু সুনামগঞ্জ এবং নোয়াখালী উপকেন্দ্রের বাউন্ডারি ওয়াল ও এপ্রোচ রোডের ব্যয়ও অনেক বৃদ্ধি পেয়েছে। এছাড়াও বর্তমান নির্মাণ কাজের পিডব্লিউডি রেট-২০১৪ অনুযায়ী নির্মাণ ব্যয় বৃদ্ধি পাচ্ছে। ফলে প্রকল্পের সংশোধিত প্রস্তাবে উক্ত খাতে বরাদ্দ ৪১০১.৩৮ লক্ষ টাকা হতে ১৩৮০.৪০ লক্ষ টাকা (৩৩.৬৬%) বৃদ্ধি করে ৫৪৮১.৭৮ লক্ষ টাকায় উন্নীত করার প্রস্তাব করা হয়েছে;
- জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী প্রকল্পে বর্তমানে কর্মরত জনবলের বেতন ভাতা বাবদ জুন ২০১৭ পর্যন্ত ৮৬.৯৬ লক্ষ টাকা (৫৭.৯৯%) অতিরিক্ত প্রয়োজন হবে। এ কারণে জনবলের বেতন-ভাতা বাবদ প্রাক্কলিত ব্যয় ১৪৯.৯৫ লক্ষ টাকার পরিবর্তে ২৩৬.৯১ লক্ষ টাকায় পুনঃনির্ধারনের প্রস্তাব করা হয়েছে;
- গবেষণা ইনপুটের ব্যয় বৃদ্ধি, বিভিন্ন পণ্যের মূল্য বৃদ্ধি এবং শ্রমিক মজুরী বৃদ্ধির কারণে পরিচালনা বাবদ প্রাক্কলিত ব্যয় ৫০০.০০ লক্ষ টাকা হতে ২৭৪.৬০ লক্ষ টাকা (৫৪.৮৬%) বৃদ্ধি করে ৭৭৪.৩০ লক্ষ টাকায় উন্নীত করার প্রস্তাব হয়েছে;
- প্রস্তাবিত ১ বছর বর্ধিত মেয়াদে প্রকল্পের চলমান গবেষণা কার্যক্রমের ব্যয় নির্বাহের জন্য গবেষণা বাবদ ব্যয় ২৭০০.০০ লক্ষ টাকার পরবির্তে ৩১০০.০০ লক্ষ টাকায় পুনঃনির্ধারণের প্রস্তাব করা হয়েছে। ফলে, গবেষণা বাবদ ব্যয় ৪০০.০০ লক্ষ টাকা (১৪.৮১%) বৃদ্ধিপেয়েছে;
- পিএইচডি/এম.এমসহ স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের ভাতার হার বৃদ্ধি পাওয়ার কারণে প্রশিক্ষণ/ফেলোশিপ/উচ্চশিক্ষা বাবদ প্রাক্কলিত ব্যয় ৭২৮.৪৩ লক্ষ টাকা হতে ৫০.০০ লক্ষ টাকা (৬.৮৬%) বৃদ্ধি করে ৭৭৮.৪৩ লক্ষ টাকায় পুনঃর্নিধারণের প্রস্তাব করা হয়েছে;
- দৈনিক ভাতার হার বৃদ্ধি প্রাপ্তির কারণে সাইন্টিফিক ভিজিট/সেমিনার/ওয়ার্কশপ বাবদ প্রাক্কলিত ব্যয় ৩৮৪.০০ লক্ষ টাকা হতে ৪০৯.০০ লক্ষ টাকায় উন্নীত করার প্রস্তাব করা হয়েছে। ফলে, এ বাবদ ব্যয় ২৫.০০ লক্ষ টাকা (৬.৫১%) বৃদ্ধি পেয়েছে।
- প্রকল্প মেয়াদে কিছু ল্যাবরেটরী যন্ত্রপাতি ও মেশিনারি, কম্পিউটার সরঞ্জামাদি, অফিস সরঞ্জামাদি এবং আসবাবপত্রের মূল্য বৃদ্ধি পেয়েছে। প্রধান কার্যালয়ের হর্টিকালচার বিভাগের জন্য ল্যাবরেটরী ওয়ার্কিং টেবিল (বেঞ্চ ও র‍্যাকসহ) এবং উপকেন্দ্রসমূহের অতিরিক্ত আসবাবত্রের প্রয়োজনীয়তা বিবেচনা করে ল্যাবরেটরী যন্ত্রপাতি ও মেশিনারি, কম্পিউটার সরঞ্জামাদি, অফিস সরঞ্জামাদি এবং আসবাবপত্রের মূল্য বৃদ্ধি ১৯১০.৮৫ লক্ষ টাকা হতে ৩৩৪.৪৫ লক্ষ টাকা (১৭.৫০%) বৃদ্ধি করে ২২৪৫.৩০ লক্ষ টাকায় উন্নীত করার প্রস্তাব করা হয়েছে।

১৩। **২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি এবং প্রস্তাবিত ৩য় সংশোধিত ডিপিপির অঙ্গভিত্তিক ব্যয়ের তুলনা :**
পরিশিষ্ট-ক'তে সদয় দ্রষ্টব্য।

১৪। **কৃষি মন্ত্রণালয়ের মতামতঃ**

১৪.১। সার্বিক মতামতঃ

উপকেন্দ্রসমূহ কার্যকর করার জন্য কেবল প্রয়োজনীয় পরিমাণ গবেষণা খামার উন্নয়ন এবং ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপিতে সংস্থানকৃত নির্মাণ কাজ সমাপ্তির জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রেখে প্রকল্পের ৩য় সংশোধন প্রস্তাব প্রেরণের জন্য কৃষি মন্ত্রণালয় কর্তৃক সংস্থাকে পরামর্শ দেয়া হয়। তবে, প্রস্তাবিত সংশোধিত ডিপিপিতে বিভিন্ন প্রকার বর্ধিত নির্মাণের প্রস্তাব করা হয়েছে এবং সে সাথে ব্যয় বহুলাংশে বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। বর্ধিত নির্মাণের প্রস্তাব বাদ দেয়া যেতে পারে। উপকেন্দ্রসমূহ কার্যকর করার লক্ষ্যে কেবল প্রয়োজনীয় পরিমাণ গবেষণা খামার উন্নয়ন এবং অনুমোদিত ডিপিপিতে সংস্থানকৃত নির্মাণ কার্যক্রম যথাযথভাবে সম্পন্নের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখা যেতে পারে। সে সাথে প্রকল্পের মেয়াদ ১ বছর বৃদ্ধির জন্য একান্ত অপরিহার্য পরিচালনা ব্যয়ের সংস্থান রেখে ডিপিপি পুনর্গঠন করা যেতে পারে।

১৪.২। প্রস্তাবিত ৩য় সংশোধিত ডিপিপির উপর মতামতঃ

(১৪.২.১) নির্মাণ ও পূর্তঃ

- প্রস্তাবিত ৩য় সংশোধিত ডিপিপিতে ৩০.১৩ লক্ষ টাকা ব্যয়ে অতিরিক্ত ৯৭.০০ বঃমিঃ অফিস ভবন, ২০.০১ লক্ষ টাকা ব্যয়ে অতিরিক্ত ৬৪.৫৫ বঃমিঃ আবাসিক ভবন নির্মাণের প্রস্তাব করা হয়েছে। সকল উপকেন্দ্রের **আবাসিক ভবন ও অফিস ভবন** নির্মাণ কাজ ইতোমধ্যে সমাপ্ত হলেও প্রস্তাবিত ৩য় সংশোধিত ডিপিপিতে আবাসিক ভবন ও অফিস ভবন নির্মাণের লক্ষ্যমাত্রা ও ব্যয় বৃদ্ধির বিষয়ে সংস্থা সভায় ব্যাখ্যা দিতে পারে;
- প্রস্তাবিত ৩য় সংশোধিত ডিপিপিতে **আনসার সেড, গ্যারেজ, স্ট্রিট লাইট** বাবদ ১৭৯.১২ লক্ষ টাকা ব্যয়ে ২৬৬ বঃ মিঃ বর্ধিত নির্মাণের প্রস্তাব করা হয়েছে। বর্ধিত নির্মাণের প্রস্তাব বাদ দেয়া যেতে পারে;
- **সীড স্টোর** নির্মাণের লক্ষ্যমাত্রা ৯৮৪ বঃমিঃ হ্রাস করা হলেও এ বাবদ ৫৮.৬৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় বৃদ্ধির বিষয়ে সংস্থা সভাকে অবহিত করতে পারে। উল্লেখ্য, ডিসেম্বর ২০১৫ পর্যন্ত নোয়াখালী ও জামালপুর উপকেন্দ্র ব্যতীত ৮টি উপকেন্দ্রের (৬টি নতুন ও ২টি পুরাতন) সীড স্টোর নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে;
- অনুমোদিত ডিপিপিতে ৯.৩১ লক্ষ টাকা ব্যয়ে ৮৯.৪০ বঃমিঃ **থ্রেসিং ফ্লোর নির্মাণের** সংস্থান রয়েছে। ৩য় সংশোধিত ডিপিপিতে ৬০২.০১ লক্ষ টাকা ব্যয়ে ৫৭৫৮.০০ বঃমিঃ থ্রেসিং ফ্লোর নির্মাণের প্রস্তাব করা হয়েছে। থ্রেসিং ফ্লোর নির্মাণের লক্ষ্যমাত্রা ও ব্যয় বৃদ্ধির আবশ্যকতা সম্পর্কে সংস্থা সভাকে অবহিত করতে পারে। প্রতিটি উপকেন্দ্রের থ্রেসিং ফ্লোরের আয়তন ও ব্যয় পৃথকভাবে ডিপিপিতে উল্লেখ করতে হবে;
- অনুমোদিত ডিপিপিতে ১৩৩৩ রাঃমিঃ **ভূগর্ভস্থ সেচ ব্যবস্থা** বাবদ ৯.৩১ লক্ষ টাকার সংস্থান ছিল। প্রস্তাবিত সংশোধিত ডিপিপিতে অতিরিক্ত ৭৪৬৬ রাঃ মিঃ বাবদ ৪৪.৮০ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত বর্ধিত লক্ষ্যমাত্রা ও ব্যয়ের বিষয়ে সংস্থা সভাকে অবহিত করতে পারে;
- বৈদ্যুতিক লাইনসহ **ট্রান্সফরমার**-এর লক্ষ্যমাত্রা ৭টির পরিবর্তে ২টি নির্ধারণ করা হয়েছে এবং এ বাবদ অতিরিক্ত ৫৪.৪৮ লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। ইতোমধ্যে ৭টি ট্রান্সফরমার স্থাপিত হয়েছে এবং এ বাবদ ৩৪.১২ লক্ষ টাকা ব্যয় হয়েছে মর্মে ডিপিপিতে উল্লেখ রয়েছে (পৃষ্ঠা৩১)। এ অসামঞ্জস্যতার বিষয়ে সংস্থা ব্যাখ্যা প্রদান করতে পারে।
- নতুনভাবে ৯টি **সোলার প্যানেল** স্থাপনের আইটেম অন্তর্ভুক্ত করা হয়েছে। ৯টি সোলার প্যানেলের প্রাক্কলিত ব্যয় ডিপিপিতে উল্লেখ নেই;
- প্রকল্পে নতুন আইটেম হিসেবে ৩০.০০ লক্ষ টাকা ব্যয়ে ৩টি **সাবমার্সিবল পাম্প** (১০ হঃপাঃ); ৮.১০ লক্ষ টাকা ব্যয়ে ৫৪০.০০ রাঃ মিঃ ড্রেনেজ ক্যানেল নির্মাণের প্রস্তাব করা হয়েছে। এর আবশ্যকতা সম্পর্কে সংস্থা সভাকে অবহিত করতে পারে;

(১৪.২.২) গবেষণা খামার উন্নয়নঃ

- গবেষণা খামার উন্নয়ন বাবদ প্রাক্কলিত ৩০০.০০ লক্ষ টাকা ব্যয় হলেও অনুমোদিত ডিপিপির লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। প্রস্তাবিত সংশোধিত ডিপিপিতে অতিরিক্ত ২,৪৫,৪৯৮.৩০ ঘঃ মিঃ খামার উন্নয়নের প্রস্তাব করা হয়েছে এবং ৭০০.৮৮ লক্ষ

টাকা অতিরিক্ত ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। গবেষণা খামার উন্নয়ন বাবদ অতিরিক্ত কাজ ও ব্যয় প্রাক্কলনের ভিত্তিসহ এ বিষয়ে সংস্থা সভাকে বিস্তারিত অবহিত করতে পারে;

(১৪.২.৩) সম্পদ সংগ্রহ/ক্রয়ঃ

- প্রকল্পের আওতায় নতুন করে ২১টি কম্পিউটার, ১১টি লেসার প্রিন্টার, ২টি ইউপিএস এবং ১টি ল্যাপটপ ক্রয়ের প্রস্তাব করা হয়েছে এবং এ বাবদ অতিরিক্ত ১০.০০ লক্ষ টাকা ব্যয়ের পরিকল্পনা করা হয়েছে। অতিরিক্ত কম্পিউটার সরঞ্জামাদি ব্যয়ের প্রস্তাব ডিপিপি থেকে বাদ দেয়া যেতে পারে;

- পিডি অফিস, প্রধান কার্যালয়ের ৩টি নতুন বিভাগ ও ১৩টি উপকেন্দ্রের জন্য বিভিন্ন প্রকারের অতিরিক্ত আসবাবপত্র ক্রয়ের জন্য ৬৩.৪১ লক্ষ টাকা বর্ধিত ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। কেবল প্রধান কার্যালয়ের হর্টিকালচার বিভাগ এবং ১৩টি উপকেন্দ্রের জন্য র‍্যাকসহ এসিড প্রুফ বিশেষ ল্যাবরেটরী টেবিলের সংস্থান রেখে অন্যান্য নতুন আসবাবপত্র ক্রয়ের সংস্থান ডিপিপি থেকে বাদ দেয়া যেতে পারে;

- উপকেন্দ্রসমূহের ডরমেটরির জন্য নতুন ১৩১টি বিভিন্ন প্রকার আসবাবপত্র ক্রয় বাবদ ৫৬.০৪ লক্ষ টাকা বর্ধিত ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। ডরমেটরির জন্য অতিরিক্ত আসবাবপত্র ক্রয়ের আবশ্যকতা সম্পর্কে সংস্থা সভাকে অবহিত করতে পারে;

- অনুমোদিত ডিপিপিতে ডরমেটরির আসবাবপত্র ক্রয়ের জন্য সংস্থানকৃত ৭০.৯২ লক্ষ টাকার অতিরিক্ত ০.৮৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে বলে ডিপিপিতে লক্ষ্য করা যায় (পৃষ্ঠা ৩০, টেবিল ১০ (সি))। এ বিষয়ে সংস্থা সভায় ব্যাখ্যা প্রদান করতে পারে;

- ল্যাবরেটরী যন্ত্রপাতি ও মেশিনারি ক্রয় বাবদ প্রকল্পের অনুমোদিত ডিপিপির সংস্থান হতে ৫টি যন্ত্রপাতি বাদ দেয়ার প্রস্তাব করা হলেও এ বাবদ ১৯৫.০০ লক্ষ টাকা বর্ধিত ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। এ বিষয়ে সংস্থা সভাকে অবহিত করতে পারে;

- প্রকল্পের ০৭/১০/২০১৫ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ৮ম স্টিয়ারিং কমিটির সভায় এবং কৃষি মন্ত্রণালয় কর্তৃক গঠিত আন্তঃমন্ত্রণালয় পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটির ফেব্রুয়ারি ২০১৫-এর পরিদর্শন প্রতিবেদনে প্রধান কার্যালয়ের হর্টিকালচার বিভাগের আওতায় সংস্থানকৃত গ্যাসভিত্তিক জেনারেটরের পরিবর্তে ডিজেল চালিত জেনারেটর সংগ্রহের উদ্যোগ গ্রহণের জন্য সংস্থাকে পরামর্শ দেয়া হয়। কিন্তু প্রস্তাবিত সংশোধিত ডিপিপিতে গ্যাসভিত্তিক জেনারেটরের ক্রয়ের প্রস্তাব অপরিবর্তিত রয়েছে (পৃষ্ঠা-২৫, টেবিল-৭সি, ক্রঃ ৪৪)। এ বিষয়ে সংস্থা সভাকে অবহিত করতে পারে;

(১৪.২.৪) প্রশিক্ষণ/উচ্চশিক্ষা/ফেলোশিপঃ

- প্রশিক্ষণ/উচ্চশিক্ষা/ফেলোশিপ বাবদ প্রকল্পের লক্ষ্যমাত্রা অপরিবর্তিত রাখা হলেও পিএইচডি ও এমএস বাবদ ২৫.০০ লক্ষ টাকা, বিজ্ঞানী/এনজিও কর্মী এবং বিএডিসি কর্মকর্তাদের প্রযুক্তি হস্তান্তর প্রশিক্ষণ বাবদ ১০.০০ লক্ষ টাকা, কৃষি সম্প্রসারণ কর্মী ও প্রগেসিভ কৃষকদের প্রশিক্ষণ বাবদ ১৫.০০ লক্ষ টাকা অর্থাৎ মোট ৫০.০০ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে, যা বাদ দেয়া যেতে পারে।

(১৪.২.৫) সাইন্টিফিক ভিজিট/সেমিনার/ওয়ার্কশপঃ

- প্রকল্পে সংস্থানকৃত সাইন্টিফিক ভিজিট/সেমিনার/ওয়ার্কশপের লক্ষ্যমাত্রা বৃদ্ধির প্রস্তাব না করা হলেও সাইন্টিফিক ভিজিট বাবদ ১৫.০০ লক্ষ টাকা, ওয়ার্কশপ বাবদ ২.০০ লক্ষ টাকা, সেমিনার বাবদ ১.০০ লক্ষ টাকা এবং মাঠ দিবস বাবদ ৭.০০ লক্ষ টাকা অর্থাৎ মোট ২৫.০০ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত বর্ধিত ব্যয় প্রকল্প থেকে বাদ দেয়া যেতে পারে;

(১৪.২.৬) গবেষণা ব্যয়ঃ

- এ প্রকল্পের আওতায় এ পর্যন্ত কি কি গবেষণা কার্যক্রম সম্পন্ন হয়েছে, কয়টি জাত/প্রযুক্তি উদ্ভাবিত/অবমুক্ত হয়েছে, কয়টি জাত/প্রযুক্তি অবমুক্তির অপেক্ষায় রয়েছে, কোন্ কোন্ জাত গ্রহণযোগ্যতা/জনপ্রিয়তা পেয়েছে তা সংস্থা কর্তৃক সভায় উপস্থান করা যেতে পারে;

- গবেষণা ব্যয় বাবদ ৪০০.০০ লক্ষ টাকা বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। গবেষণার আওতাভুক্ত প্রতিটি আইটেমের প্রস্তাবিত বর্ধিত ব্যয় সম্পর্কে সভায় আলোচনা করে তা যৌক্তিকভাবে হ্রাস করা যেতে পারে;

- প্রকল্পে ১টি করে $^{60}Co$ Source, এটোমিক এজর্পশন এবং গামা স্পেক্ট্রোফটোমিটার বাবদ যথাক্রম ২৪৭.০০ লক্ষ টাকা, ৬৮.০০ লক্ষ টাকা এবং ১৬০.০০ লক্ষ টাকা ব্যয়ের সংস্থান ছিল। সংস্থানকৃত অর্থে উক্ত যন্ত্রপাতি ৩টি ক্রয় করা হলেও $^{60}Co$ Source, এটোমিক এজর্পশন এবং গামা স্পেক্ট্রোফটোমিটার বাবদ অতিরিক্ত মোট ৫০.০০ লক্ষ টাকা ব্যয়ের সংস্থান রাখা হয়েছে। এ বিষয়ে সংস্থা ব্যাখ্যা প্রদান করতে পারে। প্রকল্প হতে এ বাবদ বর্ধিত ব্যয় বাদ দেয়া যেতে পারে;
- প্রকল্পের মেয়াদ ১ বছর বৃদ্ধির প্রস্তাব করা হলেও শ্রমিক ব্যয় পূর্বাপেক্ষা ৫০% অর্থাৎ ১৮০.০০ লক্ষ টাকা বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। কোন্ উপকেন্দ্রে কতজন অনিয়মিত শ্রমিক কর্মরত রয়েছেন এবং তাদের জন্য প্রস্তাবিত ব্যয়ের যৌক্তিকতা সম্পর্কে সংস্থা সভাকে অবহিত করতে পারে। প্রস্তাবিত ব্যয় যৌক্তিকভাবে হ্রাস করা যেতে পারে। শ্রমিক ব্যয় সংক্রান্ত বিস্তারিত তথ্য পুনর্গঠিত ডিপিপিতে ছক আকারে সংযুক্ত করতে হবে;
- অনিয়মিত শ্রমিকের মজুরী কিভাবে পরিশোধ করা হয় সে বিষয়ে সংস্থা সভাকে অবহিত করতে পারে।

(১৪.২.৭) পরিচালনা ব্যয়ঃ

- পরিচালনা ব্যয়ের আওতাভুক্ত সকল আইটেমের ব্যয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে, যার যৌক্তিকতা সম্পর্কে সংস্থা সভাকে অবহিত করতে পারে। প্রকল্পের ১ বছর বর্ধিত মেয়াদের জন্য অপরিহার্য আইটেমে প্রয়োজনানুযায়ী ব্যয়ের সংস্থান রাখা যেতে পারে। এ লক্ষ্যে সভায় প্রতিটি আইটেমের প্রস্তাবিত বর্ধিত ব্যয় সম্পর্কে আলোচনা করে তা যৌক্তিকভাবে হ্রাস করা যেতে পারে;
- প্রকল্পের প্রগ্রেস মনিটরিং বাবদ ৫.০০ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধির প্রস্তাব বাদ দেয়া যেতে পারে।

(১৪.২.৮) প্রস্তাবিত ৩য় সংশোধিত ডিপিপির অন্যান্য বিষয়াদিঃ

- প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয়ের বিস্তারিত তথ্যের (পৃষ্ঠা ১৯-৩১) প্রেক্ষিতে প্রকল্পের ৩য় সংশোধিত প্রাক্কলিত ব্যয় ১৬৭৬.৯২ লক্ষ টাকা হলেও ডিপিপির সংশ্লিষ্ট স্থানসমূহে তা ১৬০৫৭.৫৪ লক্ষ টাকা উল্লেখ করা হয়েছে। এ অসামঞ্জস্যতা দূর করতে হবে;
- ডিপিপির ক্রমিক-১১ (পৃষ্ঠা ৮) এর ছকে উল্লিখিত ডিসেম্বর ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতির তথ্যের সাথে অঙ্গভিত্তিক বিস্তারিত অগ্রগতির তথ্যের (পৃষ্ঠা ১৯-৩১) অনেক ক্ষেত্রেই অসামঞ্জস্যতা রয়েছে। এছাড়াও বিভিন্ন ছকের হিসাবেও (যেমন- টেবিল ৫-এ), পৃষ্ঠা ২২) ত্রুটি-বিচ্যুতি রয়েছে। কোন কোন ক্ষেত্রে ২য় সংশোধিত ডিপিপির লক্ষ্য মাত্রা পরিবর্তিত হয়েছে (যেমন- পৃষ্ঠা ২৪, টেবিল-৭সি, ক্রঃ১৫, ৩১)। এ সকল অসামঞ্জস্যতা/ত্রুটি-বিচ্যুতি সংশোধন করতে হবে;
- ডিপিপিতে এমটিবিএফ সংক্রান্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে;
- সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন অন্য কোন কর্মসূচী/প্রকল্পের কার্যক্রমের সাথে দ্বৈততা না থাকা সংক্রান্ত সংস্থা প্রধানের প্রত্যায়নপত্র ডিপিপিতে সংযুক্ত করতে হবে।

পরিশিষ্ট - ক

(আর্থিক পরিমাণ লক্ষ টাকায়)

| অর্থনৈতিক কোড | বিবরণ | ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি | | ডিসেম্বর ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি | | অনুমোদিত ডিপিপি অনুযায়ী অবশিষ্ট প্রাপ্যতা | | ৩য় সংশোধিত ডিপিপিতে প্রস্তাবিত | | ২য় সংশোধিত অপেক্ষা ৩য় সংশোধিত প্রস্তাবের (-) হ্রাস/(+) বৃদ্ধি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | ব্যয় বৃদ্ধির% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭=৩-৫ | ৮=৪-৬ | ৯ | ১০ | ১১=৯-৩ | ১২=১০-৪ | ১৩ |
| রাজস্ব | | | | | | | | | | | | |
| ৪৫০০ | কর্মকর্তাদের বেতন | ১৬ জন | ৫৭.৪২ | ১৬ জন | ৪৯.৬৬ | - | ৭.৭৬ | ৯ জন | ৯১.৩৭ | (-) ৭ জন | ৩৩.৯৫ | ৫৯.১৩% |
| ৪৬০০ | কর্মচারীদের বেতন | ১৫ জন | ৪৭.৬৫ | ১৫ জন | ৪১.৮৪ | - | ৫.৮১ | ৭ জন | ৬৯.৭৭ | (-) ৮ জন | ২২.১২ | ৪৬.৪২% |
| ৪৭০০ | ভাতাদি | ৩১ জন | ৪৪.৮৮ | ৩১ জন | ৪১.৫৭ | - | ৩.৩১ | ১৬ জন | ৭৫.৭৭ | (-) ১৫ জন | ৩০.৮৯ | ৬৮.৮৩% |
| | উপমোট (জনবল) | ৩১ জন | ১৪৯.৯৫ | ৩১ জন | ১৩৩.০৭ | - | ১৬.৮৮ | ১৬ জন | ২৩৬.৯১ | (-) ১৫জন | ৮৬.৯৬ | ৫৭.৯৯% |
| | পরিচালনা ব্যয় | | | | | | | | | | | |
| ৪৮২৩ | ফুয়েল ও লুব্রিকেন্ট | থোক | ৬০.০০ | থোক | ৫৯.১৯ | থোক | ০.৮১ | থোক | ১০০.০০ | থোক | ৪০.০০ | ৬৬.৬৭% |
| ৪৮২৮ | স্টেশনারী | থোক | ৫০.০০ | থোক | ৪৯.০৮ | থোক | ০.৯২ | থোক | ৭৫.০০ | থোক | ২৫.০০ | ৫০.০০% |
| ৪৮০১ | ভ্রমণ ব্যয় | থোক | ২০০.০০ | থোক | ১৯৬.৫৬ | থোক | ৩.৪৪ | থোক | ২৯০.০০ | থোক | ৯০.০০ | ৪৫.০০% |
| ৪৮০৪ | অফিস ব্যয় | থোক | ৩০.০০ | থোক | ২৭.৬৫ | থোক | ২.৩৫ | থোক | ৪০.০০ | থোক | ১০.০০ | ৩৩.৩৩% |
| ৪৮১৫ | ডাক | থোক | ৫.০০ | থোক | ৪.৩০ | থোক | ০.৭০ | থোক | ১০.০০ | থোক | ৫.০০ | ১০০.০০% |
| ৪৮১৬, ৪৮১৭ | টেলিফোন, ফ্যাক্স, ইন্টারনেট ব্যয় | থোক | ১৩.০০ | থোক | ১১.১৫ | থোক | ১.৮৫ | থোক | ২০.০০ | থোক | ৭.০০ | ৫৩.৮৫% |
| ৪৮২২ | গ্যাস, বিদ্যুৎ ও স্যানিটারি দ্রব্যাদি | থোক | ৩০.০০ | থোক | ২৯.৩৮ | থোক | ০.৬২ | থোক | ৬০.০০ | থোক | ৩০.০০ | ১০০.০০% |
| ৪৮২৭ | মুদ্রণ ও প্রকাশনা | থোক | ৪৫.০০ | থোক | ৪৪.৮৫ | থোক | ০.১৫ | থোক | ৫৯.৩০ | থোক | ১৪.৩০ | ৩১.৭৮% |
| ৪৮৩১ | বই, জার্নাল, সিডি ইত্যাদি ক্রয় | থোক | ১০.০০ | থোক | ৯.৪৮ | থোক | ০.৫২ | থোক | ২০.০০ | থোক | ১০.০০ | ১০০.০০% |
| ৪৮৮৩ | প্রগ্রেস মনিটরিং | থোক | ৫.০০ | থোক | ৫.০০ | থোক | ০.০০ | থোক | ১০.০০ | থোক | ৫.০০ | ১০০.০০% |
| ৪৯০১, ৪৯১৬ | যন্ত্রপাতি ও যানবাহন মেরামত | থোক | ৩০.০০ | থোক | ২৭.৯০ | থোক | ২.১০ | থোক | ৫০.০০ | থোক | ২০.০০ | ৬৬.৬৭% |
| ৪৮৯৯ | কন্টিনজেন্সি | থোক | ২২.০০ | থোক | ২১.৮৮ | থোক | ০.১২ | থোক | ৪০.০০ | থোক | ১৮.০০ | ৮১.৮২% |
| | উপমোট (পরিচালনা ব্যয়) | | ৫০০.০০ | | ৪৮৬.৪২ | | ১৩.৫৮ | | ৭৭৪.৩০ | | ২৭৪.৩০ | ৫৪.৮৬% |
| ৪৮২৯ | গবেষণা ব্যয় | | | | | | | | | | | |
| | কাঁচামাল (বীজ, গোবর, পিট সয়েল ইত্যাদি) | থোক | ৭০.০০ | থোক | ৬৭.৪৩ | থোক | ২.৫৭ | থোক | ৯৫.০০ | থোক | ২৫.০০ | ৩৫.৭১% |
| | রাসায়নিক দ্রব্যাদি | থোক | ৬৪০.০০ | থোক | ৬৩৭.২৫ | থোক | ২.৭৫ | থোক | ৬৫৫.০০ | থোক | ১৫.০০ | ২.৩৪% |
| | গ্লাসওয়্যার | থোক | ৬০.০০ | থোক | ৫৮.৩০ | থোক | ১.৭০ | থোক | ৮০.০০ | থোক | ২০.০০ | ৩৩.৩৩% |
| | মলিক্যুলার মার্কার, রিএজেন্ট ইত্যাদি | থোক | ৩০০.০০ | থোক | ২৯৭.৩৫ | থোক | ২.৬৫ | থোক | ৩১৫.০০ | থোক | ১৫.০০ | ৫.০০% |
| | সার | থোক | ৩০.০০ | থোক | ২৭.৩৮ | থোক | ২.৬২ | থোক | ৪৫.০০ | থোক | ১৫.০০ | ৫০.০০% |
| | পেস্টিসাইড, এনজাইম, | থোক | ৩০.০০ | থোক | ২৬.৪২ | থোক | ৩.৫৮ | থোক | ৪৫.০০ | থোক | ১৫.০০ | ৫০.০০% |
| | $^{60}$Co Source | ১টি | ২৪৭.০০ | ১টি | ২৪৭.০০ | থোক | ০.০০ | ১টি | ২৬০.০০ | থোক | ১৩.০০ | ৫.২৬% |
| | এটোমিক এবজর্পশন | ১টি | ৬৮.০০ | ১টি | ৬৮.০০ | থোক | ০.০০ | ১টি | ৮০.০০ | থোক | ১২.০০ | ১৭.৬৫% |
| | গামা স্পেক্ট্রোফটোমিটার | ১টি | ১৬০.০০ | ১টি | ১৬০.০০ | - | ০.০০ | ১টি | ১৮৫.০০ | থোক | ২৫.০০ | ১৫.৬৩% |

(আর্থিক পরিমাণ লক্ষ টাকায়)

| অর্থনৈতিক কোড | বিবরণ | ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি | | ডিসেম্বর ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি | | অনুমোদিত ডিপিপি অনুযায়ী অবশিষ্ট প্রাপ্যতা | | ৩য় সংশোধিত ডিপিপিতে প্রস্তাবিত | | ২য় সংশোধিত অপেক্ষা ৩য় সংশোধিত প্রস্তাবের (-) হ্রাস/(+) বৃদ্ধি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | ব্যয় বৃদ্ধির% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭=৩-৫ | ৮=৪-৬ | ৯ | ১০ | ১১=৯-৩ | ১২=১০-৪ | ১৩ |
| | শ্রমিক ব্যয় | থোক | ৩৬০.০০ | থোক | ৩৫৮.৮৮ | থোক | ১.১২ | থোক | ৫৪০.০০ | থোক | ১৮০.০০ | ৫০.০০% |
| | সাময়িক ভূমি লীজ (ডেমোনস্ট্রেশন/ব্রীডার সীড উৎপাদনের জন্য) | থোক | ২০.০০ | থোক | ১৮.৭৬ | থোক | ১.২৪ | থোক | ২৫.০০ | থোক | ৫.০০ | ২৫.০০% |
| | অন-ফার্ম গবেষণা | ২,০০০টি | ২৩০.০০ | ১৪০০টি | ২২৮.২৮ | ৬০০টি | ১.৭২ | ২,০০০টি | ২৪৫.০০ | - | ১৫.০০ | ৬.৫২% |
| | আর্থ-সামাজিক গবেষণা | ৫০টি | ৫০.০০ | ১৮টি | ৪৮.৭৫ | ৩২টি | ১.২৫ | ৫০টি | ৬৫.০০ | - | ১৫.০০ | ৩০.০০% |
| | ডেমনস্ট্রেশন | ১০০০০টি | ৩৩৫.০০ | ৫৫২২টি | ৩৩৩.২৯ | ৪৪৭৮টি | ১.৭১ | ১০০০০টি | ৩৫০.০০ | - | ১৫.০০ | ৪.৪৮% |
| | কনজিউমেবলস এবং অন্যান্য | থোক | ১০০.০০ | থোক | ৯৮.২৪ | থোক | ১.৭৬ | থোক | ১১৫.০০ | থোক | ১৫.০০ | ১৫.০০% |
| | **উপমোট (গবেষণা ব্যয়)** | | ২৭০০.০০ | | ২৬৭৫.৩৩ | | ২৪.৬৭ | | ৩১০০.০০ | | ৪০০.০০ | ১৪.৮১% |
| ৪৮৪০ | **প্রশিক্ষণ/ ফেলোশিপ/ উচ্চশিক্ষা** | | | | | | | | | | | |
| | পিএইচডি (স্থানীয়) | ৪টি (৪২ জনমাস/ব্যক্তি) | ২৮.০০ | ৪টি (৪২ জনমাস/ব্যক্তি) | ২৪.৬৫ | - | ৩.৩৫ | ৪টি (৪২ জনমাস/ব্যক্তি) | ৪৮.০০ | - | ২০.০০ | ৭১.৪৩% |
| | এমএস (স্থানীয়) | ৫টি (১৮ জনমাস/ব্যক্তি) | ১০.০০ | ৫টি (১৮ জনমাস/ব্যক্তি) | ৮.২৫ | - | ১.৭৫ | ৫টি (১৮ জনমাস/ব্যক্তি) | ১৫.০০ | - | ৫.০০ | ৫০.০০% |
| | বিজ্ঞানীদের স্বল্পমেয়াদী প্রশিক্ষণ (স্থানীয়) | ৫০ জন | ১২.০০ | ৫০ জন | ১২.০০ | - | ০.০০ | ৫০ জন | ১২.০০ | - | ০.০০ | ০.০০% |
| | সাইন্টিফিক স্টাফ ও টেকনিক্যাল পারসনদের স্বল্পমেয়াদী প্রশিক্ষণ (স্থানীয়) | ১০০ জন | ১২.০০ | ১০০ জন | ১২.০০ | - | ০.০০ | ১০০ জন | ১২.০০ | - | ০.০০ | ০.০০% |
| | সাইন্টিফিক স্টাফদের ডিপ্লোমা (স্থানীয়) | ১০ জন | ১৫.০০ | ১০ জন | ১৫.০০ | - | ০.০০ | ১০ জন | ১৫.০০ | - | ০.০০ | ০.০০% |
| | বিজ্ঞানী, এনজিও কর্মী এবং বিএডিসি, ডিএই কর্মকর্তাদের প্রযুক্তি হস্তান্তর প্রশিক্ষণ (স্থানীয়) | ৩৫০০ জন | ৩৮.০০ | ৩৩২০ জন | ৩৮.০০ | ১৮০ জন | ০.০০ | ৩৫০০ জন | ৪৮.০০ | - | ১০.০০ | ২৬.৩২% |
| | নতুন উদ্ভাবিত জাত, কৃষি প্রযুক্তি এবং উৎপাদন পদ্ধতির উপর কৃষি সম্প্রসারণ কর্মী এবং প্রগ্রেসিভ কৃষকদের প্রশিক্ষণ (স্থানীয়) | ৭৫০০ জন | ৬০.০০ | ৭২০০ জন | ৬০.০০ | ৩০০ জন | ০.০০ | ৭৫০০ জন | ৭৫.০০ | - | ১৫.০০ | ২৫.০০% |
| | বিজ্ঞানীদের ৬ মাস মেয়াদী বৈদেশিক প্রশিক্ষণ | ৩৬ জন | ৫৫৩.৪৩ | ১৩ জন | ১৮৪.৪৭ | ২৩ জন | ৩৬৮.৯৬ | ৩৬ জন | ৫৫৩.৪৩ | - | ০.০০ | ০.০০% |
| | **উপমোট (প্রশিক্ষণ/ ফেলোশিপ/ উচ্চশিক্ষা)** | | ৭২৮.৪৩ | | ৩৫৪.৩৭ | | ৩৭৪.০৬ | | ৭৭৮.৪৩ | - | ৫০.০০ | ৬.৮৬% |

(আর্থিক পরিমাণ লক্ষ টাকায়)

| অর্থনৈতিক কোড | বিবরণ | ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি | | ডিসেম্বর ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি | | অনুমোদিত ডিপিপি অনুযায়ী অবশিষ্ট প্রাপ্যতা | | ৩য় সংশোধিত ডিপিপিতে প্রস্তাবিত | | ২য় সংশোধিত অপেক্ষা ৩য় সংশোধিত প্রস্তাবের (-) হ্রাস/(+) বৃদ্ধি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | ব্যয় বৃদ্ধির% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭=৩-৫ | ৮=৪-৬ | ৯ | ১০ | ১১=৯-৩ | ১২=১০-৪ | ১৩ |
| ৪৮৪২ | সাইন্টিফিক ভিজিট/ সেমিনার/ ওয়ার্কশপ/মাঠ দিবস | | | | | | | | | | | |
| | ওয়ার্কশপ/সেমিনার/মাঠ দিবস | ওয়ার্কশপ-৫টি; সেমিনার-৫টি; মাঠ দিবস-১০০টি | ৪৪.০০ | ওয়ার্কশপ-৪টি; সেমিনার-৪টি; মাঠ দিবস-৯০টি | ৪৩.০৬ | ওয়ার্কশপ-১টি; সেমিনার-১টি; মাঠ দিবস-১০টি | ০.৯৪ | ওয়ার্কশপ-৫টি; সেমিনার-৫টি; মাঠ দিবস-১০০টি | ৫৪.০০ | - | ১০.০০ | ২২.৭৩% |
| | বৈদেশিক গ্রুপ স্টাডি ট্যুর (বিনা, কৃষি মন্ত্রঃ, পরিঃ কমিঃ) (১২ দিনের) | ১২ জন | ৫৪.০০ | ৬ জন | ২৭.০০ | ৬ জন | ২৭.০০ | ১২ জন | ৫৪.০০ | - | ০.০০ | ০.০০% |
| | বৈদেশিক সাইন্টিফিক ভিজিট (বিনা, কৃষি মন্ত্রঃ, পরিঃ কমিঃ) (১২ দিনের) | ১৫ জন | ৩৯.০০ | ১০ জন | ৩৬.১৭ | ৫ জন | ২.৮৩ | ১৫ জন | ৫৪.০০ | - | ১৫.০০ | ৩৮.৪৬% |
| | নিউক্লিয়ার টেকনিকের উপর বৈদেশিক ওয়ার্কশপ (বিনা, কৃষি মন্ত্রঃ, পরিঃ কমিঃ) (১২ দিনের) | ৮০ জন | ২৪৭.০০ | ৭৮ জন | ১৮৬.৮৪ | ২ জন | ৬০.১৬ | ৮০ জন | ২৪৭.০০ | - | ০.০০ | ০.০০% |
| | উপমোট (সাইন্টিফিক ভিজিট/ সেমিনার/ ওয়ার্কশপ/মাঠ দিবস) | | ৩৮৪.০০ | | ২৯৩.০৭ | | ৯০.৯৩ | | ৪০৯.০০ | - | ২৫.০০ | ৬.৫১% |
| | উপমোট (রাজস্ব)ঃ | | ৪৪৬২.৩৮ | | ৩৯৪২.২৬ | | ৫২০.১২ | | ৫২৯৮.৬৪ | | ৮৩৬.২৬ | ১৮.৭৪% |
| মূলধন ঃ | | | | | | | | | | | | |
| ৬৮০৭ | যানবাহন | জীপ-১টি, পিকআপ-১৪টি, মোটর সাইকেল-৩২টি, বাইসাইকেল-৩০টি | ৫৮৩.১২ | জীপ-১টি, পিকআপ-১৪টি, মোটর সাইকেল-৩২টি, বাইসাইকেল-৩০টি | ৫৮৩.১২ | - | ০.০০ | জীপ-১টি, পিকআপ-১৪টি, মোটর সাইকেল-৩২টি, বাইসাইকেল-৩০টি | ৫৮৩.১২ | - | ০.০০ | ০.০০% |
| ৬৮১৩ | ল্যাবরেটরী যন্ত্রপাতি ও মেশিনারিজ | | | | | | | | | | | |
| | প্রধান কার্যালয়ের বায়োটেকনলজি বিভাগ | ল্যাব যন্ত্রপাতি-১৩৭টি+ থোক | ৫৭০.৭৬ | ল্যাব যন্ত্রপাতি-৯৭টি+ থোক | ৪১৩.৫২ | ল্যাব যন্ত্রপাতি-৪০টি+ থোক | ১৫৭.২৪ | ল্যাব যন্ত্রপাতি-১৩৬টি+ থোক | ৫৪৯.০৭ | (-) ১টি | -২১.৬৯ | -৩.৮০% |
| | | খামার/মাঠ যন্ত্রপাতি-৩টি+ থোক | ১৮.৭৫ | খামার/মাঠ যন্ত্রপাতি-৩টি+ থোক | ১৫.৭৩ | খামার/মাঠ যন্ত্রপাতি-থোক | ৩.০২ | খামার/মাঠ যন্ত্রপাতি-৩টি+ থোক | ১৮.৭৩ | - | -০.০২ | -০.১১% |
| | প্রধান কার্যালয়ের হর্টিকালচার বিভাগ | ল্যাব যন্ত্রপাতি-৬৪টি+থোক | ৩১২.১৩ | ল্যাব যন্ত্রপাতি-৪৬টি+থোক | ২৩৬.৮৯ | ল্যাব যন্ত্রপাতি-১৮টি+ থোক | ৭৫.২৪ | ল্যাব যন্ত্রপাতি-৬২টি+ থোক | ৩৪৫.৯৭ | (-) ২টি | ৩৩.৮৪ | ১০.৮৪% |
| | | খামার/মাঠ যন্ত্রপাতি-৮টি | ৮.০০ | খামার/মাঠ যন্ত্রপাতি-৪টি | ৬.৫৬ | খামার/মাঠ যন্ত্রপাতি-৪টি | ১.৪৪ | খামার/মাঠ যন্ত্রপাতি-৬টি | ৮.১৬ | (-) ২টি | ০.১৬ | ২.০০% |
| | প্রধান কার্যালয়ের জিন ব্যাংক ও অন্যান্য বিভাগ | ল্যাব/মাঠ যন্ত্রপাতি-৩৭টি+থোক | ২১৫.২৪ | ল্যাব/মাঠ যন্ত্রপাতি-২৬টি+থোক | ৮৯.২১ | ল্যাব/মাঠ যন্ত্রপাতি-১১টি+থোক | ১২৬.০৩ | ল্যাব/মাঠ যন্ত্রপাতি-৩৯টি+থোক | ১৮৬.৫২ | ২টি | -২৮.৭২ | -১৩.৩৪% |
| | প্রধান কার্যালয়ের ইলেকট্রনিক্স বিভাগ | ল্যাব যন্ত্রপাতি/ মেশিনারি-১১টি | ৮৬.১০ | ল্যাব যন্ত্রপাতি/ মেশিনারি-৯টি | ৮২.৫৭ | ল্যাব যন্ত্রপাতি/ মেশিনারি-২টি | ৩.৫৩ | ল্যাব যন্ত্রপাতি/মেশিনারি-৯টি | ৮২.৫৭ | (-) ২টি | -৩.৫৩ | -৪.১০% |

(আর্থিক পরিমাণ লক্ষ টাকায়)

| অর্থনৈতিক কোড | বিবরণ | ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি | | ডিসেম্বর ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি | | অনুমোদিত ডিপিপি অনুযায়ী অবশিষ্ট প্রাপ্যতা | | ৩য় সংশোধিত ডিপিপিতে প্রস্তাবিত | | ২য় সংশোধিত অপেক্ষা ৩য় সংশোধিত প্রস্তাবের (-) হ্রাস/(+) বৃদ্ধি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | ব্যয় বৃদ্ধির হার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭=৩-৫ | ৮=৪-৬ | ৯ | ১০ | ১১=৯-৩ | ১২=১০-৪ | ১৩ |
| | ১৩টি উপকেন্দ্র | ল্যাব যন্ত্রপাতি-১৫৭টি+থোক | ১৫৬.০৩ | ল্যাব যন্ত্রপাতি-৮৮টি+থোক | ৮৩.১১ | ল্যাব যন্ত্রপাতি-৬৯টি+থোক | ৭২.৯২ | ল্যাব যন্ত্রপাতি-১৫৭টি+থোক | ৩৬৭.৩৮ | - | ২১১.৩৫ | ১৩৫.৪০ |
| | | খামার/মাঠ যন্ত্রপাতি-১০৬টি+থোক | ২৫৮.৬৬ | খামার/মাঠ যন্ত্রপাতি-৭২টি+থোক | ২৪৩.৮০ | খামার/মাঠ যন্ত্রপাতি-৩৪টি+থোক | ১৪.৮৬ | খামার/মাঠ যন্ত্রপাতি-১০৬টি+থোক | ২৬২.২৭ | - | ৩.৬১ | ১.৪০ |
| | **উপমোট (ল্যাবরেটরী যন্ত্রপাতি ও মেশিনারিজ)** | **৫২৩টি+থোক** | **১৬২৫.৬৭** | **৩৪৫টি+থোক** | **১১৭১.৩৯** | **১৭৮টি+থোক** | **৪৫৪.২৮** | **৫১৮টি+থোক** | **১৮২০.৬৭** | **(-) ৫টি** | **১৯৫.০০** | **১২.০০** |
| ৬৮১৫, ৬৮১৭ | **কম্পিউটার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি** | | | | | | | | | | | |
| | পিডি অফিস এবং প্রঃকাঃ এর ৩টি বিভাগ | কম্পিউটার-১৪টি; লেসার প্রিন্টার-১৪টি; ল্যাপটপ-৪টি, মাল্টিমিডিয়া প্রজেক্টর-১টি; কালার লেসার প্রিন্টার-১টি; ইউপিএস-১৪টি; মডেম, কেব্‌ল, ইত্যাদি-থোক; ব্রডব্যান্ড কানেকশন-থোক; সফট্ওয়্যার-থোক, টেলিফোন/মোবাইল-৬টি | ২৯.৫১ | কম্পিউটার-১৪টি; লেসার প্রিন্টার-১৪টি; ল্যাপটপ-৪টি, মাল্টিমিডিয়া প্রজেক্টর-১টি; কালার লেসার প্রিন্টার-১টি; ইউপিএস-১৪টি; মডেম, কেব্‌ল, ইত্যাদি-থোক; ব্রডব্যান্ড কানেকশন-থোক; সফট্ওয়্যার-থোক, টেলিফোন/মোবাইল-৬টি | ২৬.০৪ | - | ৩.৪৭ | কম্পিউটার-১৮টি; লেসার প্রিন্টার-১৮টি; ল্যাপটপ-৪টি, মাল্টিমিডিয়া প্রজেক্টর-১টি; কালার লেসার প্রিন্টার-১টি; ইউপিএস-১৬টি; মডেম, কেব্‌ল, ইত্যাদি-থোক; ব্রডব্যান্ড কানেকশন-থোক; সফট্ওয়্যার-থোক, টেলিফোন/মোবাইল-৬টি | ৩২.৩৩ | কম্পিউটার-৪টি; লেসার প্রিন্টার-৪টি; ইউপিএস-২টি | ২.৮২ | ৯.৫৬ |
| | ১৩টি উপকেন্দ্র | কম্পিউটার-১৯টি; লেসার প্রিন্টার-১৯টি; ল্যাপটপ-১৩টি, মাল্টিমিডিয়া প্রজেক্টর-১৩টি;ইউপিএস-১৯টি; মডেম, কেব্‌ল, ইত্যাদি-থোক; ব্রডব্যান্ড কানেকশন-থোক; সফট্ওয়্যার-থোক; টেলিফোন/মোবাইল-৭টি | ৩৯.৭৫ | কম্পিউটার-১৯টি; লেসার প্রিন্টার-১৯টি; ল্যাপটপ-১৩টি, মাল্টিমিডিয়া প্রজেক্টর-১৩টি;ইউপিএস-৭টি; মডেম, কেব্‌ল, ইত্যাদি-থোক; ব্রডব্যান্ড কানেকশন-থোক; সফট্ওয়্যার-থোক; টেলিফোন/মোবাইল-৭টি | ৩৬.২৬ | - | ৩.৪৯ | কম্পিউটার-৩৬টি; লেসার প্রিন্টার-২৬টি; ল্যাপটপ-১৪টি, মাল্টিমিডিয়া প্রজেক্টর-১৩টি;ইউপিএস-১৯টি; মডেম, কেব্‌ল, ইত্যাদি-থোক; ব্রডব্যান্ড কানেকশন-থোক; সফট্ওয়্যার-থোক; টেলিফোন/মোবাইল-৭টি | ৪৬.৯৩ | কম্পিউটার-১৭টি; লেসার প্রিন্টার-৭টি; ল্যাপটপ-১টি | ৭.১৮ | ১৮.০৬ |
| | **উপমোট (কম্পিউটার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি)** | | ৬৯.২৬ | | ৬২.৩০ | | ৬.৯৬ | | ৭৯.২৬ | | ১০.০০ | ১৪.৪৪ |
| ৬৮১৯ | **অফিস সরঞ্জামাদি** | | | | | | | | | | | |
| | পিডি অফিস এবং প্রঃকাঃ এর ৩টি বিভাগ | ফটোকপিয়ার-৩টি; স্পাইরাল বাইন্ডিং মেশিন-৪টি; লেমিনেটিং মেশন-৪টি; প্রজেকশন স্ক্রিন-৩টি; এয়ার কুলার-৫টি; এক্সেসরিজসহ ডিজিটাল ক্যামেরা-১টি; এক্সেসরিজসহ ভিডিও ক্যামেরা-২টি; কালার ফটোকপি মেশিন-১টি; ইলেক্ট্রনিক পেপার কাটার-১টি; ভিডিও কনফারেন্সিং সিস্টেম-১টি | ৪৬.৬০ | ফটোকপিয়ার-৩টি; স্পাইরাল বাইন্ডিং মেশিন-৪টি; লেমিনেটিং মেশন-৪টি; প্রজেকশন স্ক্রিন-৩টি; এয়ার কুলার-৫টি; এক্সেসরিজসহ ডিজিটাল ক্যামেরা-১টি; এক্সেসরিজসহ ভিডিও ক্যামেরা-১টি; কালার ফটোকপি মেশিন-১টি; ইলেক্ট্রনিক পেপার কাটার-১টি | ৩৪.৪৮ | এক্সেসরিজসহ ভিডিও ক্যামেরা-১টি; ভিডিও কনফারেন্সিং সিস্টেম-১টি | ১২.১২ | ফটোকপিয়ার-৩টি; স্পাইরাল বাইন্ডিং মেশিন-৪টি; লেমিনেটিং মেশন-৪টি; প্রজেকশন স্ক্রিন-৩টি; এয়ার কুলার-৫টি; এক্সেসরিজসহ ডিজিটাল ক্যামেরা-১টি; এক্সেসরিজসহ ভিডিও ক্যামেরা-২টি; কালার ফটোকপি মেশিন-১টি; ইলেক্ট্রনিক পেপার কাটার-১টি; ভিডিও কনফারেন্সিং সিস্টেম-১টি | ৫৬.৬০ | - | ১০.০০ | ২১.৪৬ |

২৬৫

(আর্থিক পরিমাণ লক্ষ টাকায়)

| অর্থনৈতিক কোড | বিবরণ | ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি | | ডিসেম্বর ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি | | অনুমোদিত ডিপিপি অনুযায়ী অবশিষ্ট প্রাপ্যতা | | ৩য় সংশোধিত ডিপিপিতে প্রস্তাবিত | | ২য় সংশোধিত অপেক্ষা ৩য় সংশোধিত প্রস্তাবের ( হ্রাস/(+) বৃদ্ধি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | ব্যয় বৃদ্ধি |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭=৩-৫ | ৮=৪-৬ | ৯ | ১০ | ১১=৯-৩ | ১২=১০-৪ | ১৩ |
| | ১৩টি উপকেন্দ্র | ফটোকপিয়ার-১৩টি; স্পাইরাল বাইন্ডিং মেশিন-১৩টি; লেমিনেটিং মেশন-১৩টি; গেস্ট হাউসের জন্য টেলিভিশন-১৩টি | ২৩.৪০ | ফটোকপিয়ার-১০টি; স্পাইরাল বাইন্ডিং মেশিন-১০টি; লেমিনেটিং মেশন-১১টি; গেস্ট হাউসের জন্য টেলিভিশন-১৩টি | ১৬.৮০ | ফটোকপিয়ার-৩টি; স্পাইরাল বাইন্ডিং মেশিন-৩টি; লেমিনেটিং মেশন-২টি | ৬.৬০ | ফটোকপিয়ার-১৩টি; স্পাইরাল বাইন্ডিং মেশিন-১৩টি; লেমিনেটিং মেশন-১৩টি; গেস্ট হাউসের জন্য টেলিভিশন-১৩টি | ২৩.৪০ | - | ০.০০ | ০.০ |
| | উপমোট (অফিস সরঞ্জামাদি) | | ৭০.০০ | | ৫১.২৮ | | ১৮.৭২ | | ৮০.০০ | - | ১০.০০ | ১৪.২ |
| ৬৮২১ | আসবাবপত্র | | | | | | | | | | | |
| | পিডি অফিস এবং প্রঃকাঃ এর ৩টি বিভাগ | কম্পিউটার টেবিল ও চেয়ার-১১ সেট; স্টিল আলমারি-৪টি; ফুল সেক্রেটারিয়েট টেবিল-১৮টি; হাফ সেক্রেটারিয়েট টেবিল-১৮টি; ফাইল কেবিনেট-১৮টি; মাল্টিপারপাস শেলফ-১৬টি; সিটিং চেয়ার-৩৬টি; ভিজিটরস চেয়ার-১০০টি; বুক শেলফ-১৮টি; ল্যাবরেটরি টুল-১০টি | ২৪.৪৯ | কম্পিউটার টেবিল ও চেয়ার-১১ সেট; স্টিল আলমারি-৪টি; ফুল সেক্রেটারিয়েট টেবিল-১৮টি; হাফ সেক্রেটারিয়েট টেবিল-১৮টি; ফাইল কেবিনেট-১৬টি; মাল্টিপারপাস শেলফ-১৪টি; সিটিং চেয়ার-৩৬টি; ভিজিটরস চেয়ার-১০০টি; বুক শেলফ-১৮টি; ল্যাবরেটরি টুল-১০টি | ২৩.৮৯ | ফাইল কেবিনেট-২টি; মাল্টিপারপাস শেলফ-২টি; | ০.৬০ | কম্পিউটার টেবিল ও চেয়ার-১১ সেট; স্টিল আলমারি-৪টি; ফুল সেক্রেটারিয়েট টেবিল-১৮টি; হাফ সেক্রেটারিয়েট টেবিল-১৮টি; ফাইল কেবিনেট-১৮টি; মাল্টিপারপাস শেলফ-১৬টি; সিটিং চেয়ার-৩৬টি; ভিজিটরস চেয়ার-১০০টি; বুক শেলফ-১৮টি; ল্যাবরেটরি টুল-১০টি;হর্টি: বিভাগের জন্য র‍্যাকসহ এসিড প্রুফ বিশেষ ল্যাবরেটরী টেবিল-৪টি | ৪৮.৭৫ | কম্পিউটার টেবিল ও চেয়ার-৪ সেট; ফুল সেক্রেটারিয়েট টেবিল-৭টি; হাফ সেক্রেটারিয়েট টেবিল-৬টি; ফাইল কেবিনেট-৬টি; মাল্টিপারপাস শেলফ-৪টি; সিটিং চেয়ার-৪টি; ভিজিটরস চেয়ার-২০ টি; ল্যাবরেটরি টুল-১০টি;হর্টি: বিভাগের জন্য র‍্যাকসহ এসিড প্রুফ বিশেষ ল্যাবরেটরী টেবিল-৪টি | ২৪.২৬ | ৯৯.০ |
| | ১৩টি উপকেন্দ্র | কম্পিউটার টেবিল ও চেয়ার-১৯ সেট; স্টিল আলমারি-১৩টি; ফুল সেক্রেটারিয়েট টেবিল-১৪টি; হাফ সেক্রেটারিয়েট টেবিল-১৪টি; ফাইল কেবিনেট-২৮টি; মাল্টিপারপাস শেলফ-২৪টি; সিটিং চেয়ার-৩০টি; ভিজিটরস চেয়ার-১২০টি; ট্রেনিং রুমের চেয়ার-৭২০টি; বুক শেলফ-২৮টি; ল্যাবরেটরি টুল-২৬টি | ৫০.৫১ | ১০৩৬টি (কম্পিউটার টেবিল ও চেয়ার-১৭ সেট; স্টিল আলমারি-১২টি; ফুল সেক্রেটারিয়েট টেবিল-১৩টি; হাফ সেক্রেটারিয়েট টেবিল-১৩টি; ফাইল কেবিনেট-২৬টি; মাল্টিপারপাস শেলফ-২২টি; সিটিং চেয়ার-২৯টি; ভিজিটরস চেয়ার-১০২টি; ট্রেনিং রুমের চেয়ার-৭২০টি; বুক শেলফ-২২টি; ল্যাবরেটরি টুল-২৫টি) | ৪৭.৩২ | ১০০১টি (কম্পিউটার টেবিল ও চেয়ার-২সেট; স্টিল আলমারি-১টি; ফুল সেক্রেটারিয়েট টেবিল-১টি; হাফ সেক্রেটারিয়েট টেবিল-১টি; ফাইল কেবিনেট-২টি; মাল্টিপারপাস শেলফ-২টি; সিটিং চেয়ার-১টি; ভিজিটরস চেয়ার-১৮টি; বুক শেলফ-৬টি; ল্যাবরেটরি টুল-১টি) | ৩.১৯ | ১১৫৪টি (কম্পিউটার টেবিল ও চেয়ার-২৫ সেট; স্টিল আলমারি-২০টি; ফুল সেক্রেটারিয়েট টেবিল-৩০টি; হাফ সেক্রেটারিয়েট টেবিল-৩০টি; ফাইল কেবিনেট-৩৪টি; মাল্টিপারপাস শেলফ-২৪টি; সিটিং চেয়ার-৩৬টি; ভিজিটরস চেয়ার-১৫১টি; ট্রেনিং রুমের চেয়ার-৭২০টি; বুক শেলফ-৪০টি; ল্যাবরেটরি টুল-৩৫টি; র‍্যাকসহ এসিড প্রুফ বিশেষ ল্যাবরেটরী টেবিল-৯টি) | ৮৯.৬৬ | ১১৮টি (কম্পিউটার টেবিল ও চেয়ার-৬ সেট; স্টিল আলমারি-৭টি; ফুল সেক্রেটারিয়েট টেবিল-১৬টি; হাফ সেক্রেটারিয়েট টেবিল-১৬টি; ফাইল কেবিনেট-৬টি; সিটিং চেয়ার-৬টি; ভিজিটরস চেয়ার-৩১টি; বুক শেলফ-১২টি; ল্যাবরেটরি টুল-২৯টি; র‍্যাকসহ এসিড প্রুফ বিশেষ ল্যাবরেটরী টেবিল-৯টি) | ৩৯.১৫ | ৭৭. |

(আর্থিক পরিমাণ লক্ষ টাকায়)

| অর্থনৈতিক কোড | বিবরণ | ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি | | ডিসেম্বর ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি | | অনুমোদিত ডিপিপি অনুযায়ী অবশিষ্ট প্রাপ্যতা | | ৩য় সংশোধিত ডিপিপিতে প্রস্তাবিত | | ২য় সংশোধিত অপেক্ষা ৩য় সংশোধিত প্রস্তাবের (-) হ্রাস/(+) বৃদ্ধি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | ব্যয় বৃদ্ধির% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭=৩-৫ | ৮=৪-৬ | ৯ | ১০ | ১১=৯-৩ | ১২=১০-৪ | ১৩ |
| | উপকেন্দ্রসমূহের ডরমেটরি | ৩৯০টি (কেবিনেটসহ সেমি ডাবল কট-৩৯টি; কেবিনেটসহ ডাবল কট-৩৯টি; টুলসহ ড্রেসিং টেবিল-৭৮টি; ওয়্যারড্রোব/চেস্ট অফ ড্রয়ারস-৩৯টি; কাবার্ড-৩৯টি; সেন্টার টেবিলসহ সোফা সেট-২৬ সেট; চেয়ারসহ টেবিল-৭৮সেট; ডাইনিং সেট-১৩টি; ভিভিআইপি/ভিআইপি কক্ষের জন্য সোফা সেট-২৬ সেট; এয়ার কুলার-১৩টি) | ৭০.৯২ | ৩৯০টি (কেবিনেটসহ সেমি ডাবল কট-৩৯টি; কেবিনেটসহ ডাবল কট-৩৯টি; টুলসহ ড্রেসিং টেবিল-৭৮টি; ওয়্যারড্রোব/চেস্ট অফ ড্রয়ারস-৩৯টি; কাবার্ড-৩৯টি; সেন্টার টেবিলসহ সোফা সেট-২৬ সেট; চেয়ারসহ টেবিল-৭৮সেট; ডাইনিং সেট-১৩টি; ভিভিআইপি/ভিআইপি কক্ষের জন্য সোফা সেট-২৬ সেট; এয়ার কুলার-১৩টি) | ৭১.৭৬ | - | -০.৮৪ | ৫২১টি (কেবিনেটসহ সেমি ডাবল কট-৪৩টি; কেবিনেটসহ ডাবল কট-৪২টি; টুলসহ ড্রেসিং টেবিল-৮৫টি; ওয়্যারড্রোব/চেস্ট অফ ড্রয়ারস-৪৩টি; কাবার্ড-৩৯টি; সেন্টার টেবিলসহ সোফা সেট-৩৫ সেট; চেয়ারসহ টেবিল-৮৫সেট; ডাইনিং সেট-১৫টি; ভিভিআইপি/ভিআইপি কক্ষের জন্য সোফা সেট-৩৫ সেট; এয়ার কুলার-১৯টি; ম্যাট্রেস-৮০টি) | ১২৬.৯৬ | ১৩১টি (কেবিনেটসহ সেমি ডাবল কট-৪টি; কেবিনেটসহ ডাবল কট-৩টি; টুলসহ ড্রেসিং টেবিল-৭টি; ওয়্যারড্রোব/চেস্ট অফ ড্রয়ারস-৪টি; সেন্টার টেবিলসহ সোফা সেট-৯ সেট; চেয়ারসহ টেবিল-৭সেট; ডাইনিং সেট-২টি; ভিভিআইপি/ভিআইপি কক্ষের জন্য সোফা সেট-৯ সেট; এয়ার কুলার-৬টি; ম্যাট্রেস-৮০টি) | ৫৬.০৪ | ৭৯.০২% |
| | উপমোট (আসবাবপত্র) | | ১৪৫.৯২ | | ১৪২.৯৭ | | ২.৯৫ | | ২৬৫.৩৭ | | ১১৯.৪৫ | ৮১.৮৬% |
| ৬৮৫১ | কনসালটেশন ফি | | ৫.৪৯ | | ৫.৪৭ | | ০.০২ | | ৫.৪৯ | | ০.০০ | ০.০০% |
| | উপমোট (সম্পদ সংগ্রহ/ক্রয়) | | ২৪৯৯.৪৬ | | ২০১৬.৫৩ | | ৪৮২.৯৩ | | ২৮৩৩.৯১ | | ৩৩৪.৪৫ | ১৩.৩৮% |
| ৬৯০১ | ভূমি অধিগ্রহণ | ৩.২৫হেঃ * ৫=১৬.২৫হেঃ | ১৩৯১.৭১ | | ১৩৯১.৭১ | | ০.০০ | | ১৩৯১.৭১ | ০ | ০.০০ | ০.০০% |
| ৭০০১ | **গবেষণা খামার উন্নয়ন** | | | | | | | | | | | |
| | চাঁপাইনবাবগঞ্জ উপকেন্দ্র | ১১২০৫ ঘঃমিঃ | ৩৮.২৪ | ১১২০৫ ঘঃমিঃ | ৩৮.২৪ | ০.০০ | ০.০০ | ২৩১৭৩ ঘঃমিঃ | ৬৮.২৪ | ১১৯৬৮ ঘঃমিঃ | ৩০.০০ | ৭৮.৪৫% |
| | বরিশাল উপকেন্দ্র | ২৬০০ ঘঃমিঃ | ২০.৮৬ | ৮০০ ঘঃমিঃ | ২০.৮৬ | ১৮০০ ঘঃমিঃ | ০.০০ | ২০১৭৫ ঘঃমিঃ | ৬৪.৯২ | ১৭৫৭৫ ঘঃমিঃ | ৪৪.০৬ | ২১১.২২% |
| | খাগড়াছড়ি উপকেন্দ্র | ৪৫০০ ঘঃমিঃ | ২৪.৭১ | ৭০০ ঘঃমিঃ | ২৪.৭১ | ৩৮০০ ঘঃমিঃ | ০.০০ | ১৬৪৮৭ ঘঃমিঃ | ৫৯.১৪ | ১১৯৮৭ ঘঃমিঃ | ৩৪.৪৩ | ১৩৯.৩৪% |
| | সুনামগঞ্জ উপকেন্দ্র | ১৫০০০ ঘঃমিঃ | ৮২.১৫ | ৯০৫৮ ঘঃমিঃ | ৮২.১৫ | ৫৯৪২ ঘঃমিঃ | ০.০০ | ৬২৭৪০ ঘঃমিঃ | ২৫৭.৭৬ | ৪৭৭৪০ ঘঃমিঃ | ১৭৫.৬১ | ২১৩.৭৭% |
| | নোয়াখালী উপকেন্দ্র | ১৬২০২ ঘঃমিঃ | ৭২.৯১ | ৬০০০ ঘঃমিঃ | ৭২.৯১ | ১০২০২ ঘঃমিঃ | ০.০০ | ৮১৫২৯ ঘঃমিঃ | ২৩৩.৩০ | ৬৫৩২৭ ঘঃমিঃ | ১৬০.৩৯ | ২১৯.৯৮% |
| | শেরপুর উপকেন্দ্র | থোক | ২২.৭০ | থোক | ২২.৭০ | | ০.০০ | ৬০৩৪ ঘঃমিঃ | ৩৭.৮৬ | ৬০২৫.৩০ থোক | ১৫.১৬ | ৬৬.৭৮% |
| | গোপালগঞ্জ উপকেন্দ্র | ৭০০০ ঘঃমিঃ | ৩৮.৪৩ | ৩৪০০ ঘঃমিঃ | ৩৮.৪৩ | ৩৬০০ ঘঃমিঃ | ০.০০ | ৩১৪০৩ ঘঃমিঃ | ৯৯.৬১ | ২৪৪০৩ ঘঃমিঃ | ৬১.১৮ | ১৫৯.২০% |
| | জামালপুর উপকেন্দ্র | - | ০.০০ | - | ০.০০ | - | ০.০০ | ৪০০৩ ঘঃমিঃ | ১০.০৪ | ৪০০৩ ঘঃমিঃ | ১০.০৪ | |
| | সাতক্ষীরা উপকেন্দ্র | - | ০.০০ | - | ০.০০ | - | ০.০০ | ৫৬৪৭০ ঘঃমিঃ | ১৭০.০১ | ৫৬৪৭০ ঘঃমিঃ | ১৭০.০১ | |
| | উপমোট (গবেষণা খামার উন্নয়ন) | ৫৬৫০৭ ঘঃমিঃ+থোক | ৩০০.০০ | ৩১১৬৩ ঘঃমিঃ +থোক | ৩০০.০০ | ২৫৩৪৪ ঘঃমিঃ | ০.০০ | ৩০২০২৮ ঘঃমিঃ | ১০০০.৮৮ | ২৪৫৪৯৮.৩০ ঘঃমিঃ | ৭০০.৮৮ | ২৩৩.৬৩% |
| ৭০০৬ -৭০১১ | **নির্মাণ ও পূর্ত (অফিস, ল্যাবরেটরী, বাসভবন)** | | | | | | | | | | | |
| | অফিস ভবন | ৫৪০৫ বঃ মিঃ | ১১৮৯.১০ | ৫৪০৫ বঃ মিঃ | ১১৮৯.১০ | - | ০.০০ | ৫৫০২.১৯ বঃ মিঃ | ১২১৯.২৩ | ৯৭ বঃ মিঃ | ৩০.১৩ | ২.৫৩% |
| | ল্যাবরেটরী ভবন | ১১২০.১ বঃ মিঃ | ৪৭৫.০০ | ১১২০.১ বঃ মিঃ | ৪৭৫.০০ | - | ০.০০ | ১১২০.১ বঃ মিঃ | ৪৭৫.০০ | - | ০.০০ | ০.০০% |
| | প্রশিক্ষণ হল, মসজিদ ও গেস্ট হাউস | ৩৪৭০.০০ বঃ মিঃ | ৬৩৪.৯২ | ৩৪৭০.০০ বঃ মিঃ | ৬৩৪.৯২ | - | ০.০০ | ৩৪৭০ বঃ মিঃ | ৬৩৪.৯২ | - | ০.০০ | ০.০০% |
| | আবাসিক ভবন নির্মাণ | ৫০৪২.০০ বঃ মিঃ | ১২০৭.৩৩ | ৫০৪২.০০ বঃ মিঃ | ১২০৭.৩৩ | - | ০.০০ | ৫১০৬.৫৫ বঃ মিঃ | ১২২৭.৩৪ | ৬৪.৫৫ বঃ মিঃ | ২০.০১ | ১.৬৬% |

(আর্থিক পরিমাণ লক্ষ টাকায়)

| অর্থনৈতিক কোড | বিবরণ | ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি | | ডিসেম্বর ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি | | অনুমোদিত ডিপিপি অনুযায়ী অবশিষ্ট প্রাপ্যতা | | ৩য় সংশোধিত ডিপিপিতে প্রস্তাবিত | | ২য় সংশোধিত অপেক্ষা ৩য় সংশোধিত প্রস্তাবের (-) হ্রাস/(+) বৃদ্ধি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | সংখ্যা/পরিমাণ | ব্যয় | ব্যয় বৃদ্ধির% |
| | | ৩ | ৪ | ৫ | ৬ | ৭=৩-৫ | ৮=৪-৬ | ৯ | ১০ | ১১=৯-৩ | ১২=১০-৪ | ১৩ |
| ১ | ২ | | | | | | | | | | | |
| | বৈদ্যুতিক লাইনসহ ট্রান্সফরমার/ সোলার প্যানেল | বৈদ্যুতিক লাইনসহ ট্রান্সফরমার-৭টি | ৩৫.১৫ | বৈদ্যুতিক লাইনসহ ট্রান্সফরমার-৭টি | ৩৪.১২ | - | ১.০৩ | বৈদ্যুতিক লাইনসহ ট্রান্সফরমার-২টি; সোলার প্যানেল-৯টি | ৮৯.৬৩ | বৈদ্যুতিক লাইনসহ ট্রান্সফরমার-২টি; সোলার প্যানেল-৯টি | ৫৪.৪৮ | ১৫৪.৯৯% |
| | উপমোট (অফিস, ল্যাবরেটরী, বাসভবন নির্মাণ) | | ৩৬৪৬.৫০ | | ৩৬৪৫.৪৭ | | ১.০৩ | | ৩৯৩০.২৪ | | ২৮৩.৭৪ | ৭.৭৮% |
| ৭০১৬ | অন্যান্য নির্মাণ | | | | | | | | | | | |
| | সীড স্টোর | ২২৫৪ বঃ মিঃ | ২৩৬.৬২ | ৯০০.০০ | ২৩৫.৬২ | ১৩৫৪.০০ | ১.০০ | ১২৭০ বর্গমিঃ | ২৯৫.২৯ | (-) ৯৮৪ বর্গমিঃ | ৫৮.৬৭ | ২৪.৮০% |
| | গ্রেসিং ফ্লোর | ৮৯.৪ বঃ মিঃ | ৮.৯৪ | ০.০০ | ০.০০ | ০.০০ | ৮.৯৪ | ৫৭৫৮ বর্গমিঃ | ৬০২.০১ | ৫৬৬৮.৬০ বর্গমিঃ | ৫৯৩.০৭ | ৬৬৩৩.৮৯% |
| | পাম্প হাউস | ৪৯.০০ বঃ মিঃ | ৯.৩১ | ৩০.১৬ | ৭.৭০ | ১৮.৮৪ | ১.৬১ | ৫৪ বর্গমিঃ | ১৬.৯৯ | ৫ বর্গমিঃ | ৭.৬৮ | ৮২.৪৯% |
| | ১০ হঃপাঃ সাবমার্সিবল পাম্প স্থাপন | - | ০.০০ | - | ০.০০ | - | ০.০০ | ৩ টি | ৩০.০০ | ৩ টি | ৩০.০০ | ১০০.০০% |
| | ভূগর্ভস্থ সেচ ব্যবস্থা | ১৩৩৩ রাঃ মিঃ | ৪০.০০ | ১২৫০.০০ | ৩৮.১০ | ৮৩.০০ | ১.৯০ | ৮৭৯৯ রাঃমিঃ | ৮৮.৮০ | ৭৪৬৬ রাঃমিঃ | ৪৪.৮০ | ১১২.০০% |
| | ড্রেনেজ ক্যানেল | - | | - | ০.০০ | - | ০.০০ | ৫৪০ রাঃমিঃ | ৮.১০ | ৫৪০ রাঃ মিঃ | ৮.১০ | ১০০.০০% |
| | সীড বেড (৪০টিঃ ১মি.*১৫০ বর্গমিঃ) | ৭৯.৮০ রাঃমিঃ | ২.০০ | ৭৯.৮০ | ২.০০ | - | ০.০০ | ৭৯.৮ রাঃমিঃ | ২.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | এপ্রোচ রোড, গেইট, বাউন্ডারী ওয়াল এবং অন্যান্য | থোক | ১৫৮.০১ | এপ্রোচ রোড-৩৩০০ রাঃ মিঃ; সেন্ট্রি পোস্টসহ গেইট-১টি; বাউন্ডারি ওয়াল-৩২০৬.২৪ রাঃ মিঃ; অন্যান্য-থোক | ১৫৮.০০ | থোক | ০.০১ | এপ্রোচ রোড-৮৬৫০ রাঃ মিঃ; সেন্ট্রি পোস্টসহ গেইট-৯টি; বাউন্ডারি ওয়াল-৭২৯৮.২৪রাঃ মিঃ; অন্যান্য-থোক | ৫১২.৩৫ | এপ্রোচ রোড-৫৩৫০০ রাঃ মিঃ; সেন্ট্রি পোস্টসহ গেইট-৮টি; বাউন্ডারি ওয়াল-৪০৯২ রাঃ মিঃ; অন্যান্য-থোক | ৩৫৪.৩৪ | ২২৪.২৫ |
| | উপমোট (অন্যান্য নির্মাণ) | | ৪৫৪.৮৮ | | ৪৪১.৪২ | | ১৩.৪৬ | | ১৫৫১.৫৪ | | ১০৯৬.৬৬ | ২৪১.০৯ |
| | উপমোট (নির্মাণ ও পূর্ত) | | ৪১০১.৩৮ | | ৪০৮৬.৮৯ | | ১৪.৪৯ | | ৫৪৮১.৭৮ | | ১৩৮০.৪০ | ৩৩.৬ |
| ৭২৫৬ | অন্যান্য | থোক | ২০.০০ | | ১৫.৩৫ | | ৪.৬৫ | | ৭০.০০ | | ৫০.০০ | ২৫০.০০ |
| | উপমোট (মূলধন) ঃ | | ৮৩১২.৫৫ | | ৭৮১০.৪৪ | | ৫০২.০৭ | | ১০৭৭৮.২৮ | | ২৪৬৫.৭৩ | ২৯.৬ |
| | সর্বমোট (রাজস্ব+মূলধন) ঃ | | ১২৭৭৪.৯৩ | | ১১৭৫২.৭৪ | | ১০২২.১৯ | | ১৬০৭৬.৯২ | | ৩৩০১.৯৯ | ২৫.৮ |